আজকের কাগজ

তারিখ 17 NOV 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

# সরকার বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা কেড়ে নিতে চাইছে

## —শিক্ষক সমিতি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ে সরকারি অর্ডিন্যান্স সম্পর্কে আলোচনার জন্যে এক সাধারণ সভার আয়োজন করে। অধ্যাপক সাঈদ উর-রহমানের সভাতিত্বে এ সভায় বক্তব্য রাখেন শরিফুল্লাহ ভুঁইয়া, কে. এম. সাদ উদ্দীন, ফেরদৌস হোসাইন, আজহার চৌধুরী প্রমুখ।

বক্তারা বলেন, সরকার চাচ্ছেন বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্বশাসন কেড়ে নিয়ে নিজেদের হাতে যাবতীয় ক্ষমতা তুলে নিয়ে সরকার বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা হস্তক্ষেপের চেষ্টা করছে। তারা এমন কর্মকাণ্ড বা রুল নিশী জারি করা থেকে সরকারকে বিরত থাকার আহবান জানান।